

🗏 আন-নাজম | An-Najm | ٱلنَّجْم

আয়াতঃ ৫৩: ৪৯

আরবি মূল আয়াত:

وَ أَنَّهُ هُوَ رَبُّ الشِّعرى ﴿٢٩﴾

আর তিনিই শিরার* রব। — আল-বায়ান

আর এই যে, শি'রা (অর্থাৎ লুব্ধক নক্ষত্র)'র তিনিই প্রতিপালক, — তাইসিরুল

আর এই যে, তিনি 'শি'রা' নক্ষত্রের মালিক। — মুজিবুর রহমান

And that it is He who is the Lord of Sirius — Sahih International

* একটি নক্ষত্রের নাম।

৪৯. আর এই যে, তিনি শি'রা নক্ষত্রের রব।(১)

(১) شعری একটি নক্ষত্রের নাম। আরবের কোন কোন সম্প্রদায় এই নক্ষত্রের পূজা করত। তাই বিশেষভাবে এর নাম উল্লেখ করে বলা হয়েছে যে, এই নক্ষত্রের মালিক ও পালনকর্তা আল্লাহ তা'আলাই; যদিও সমস্ত নক্ষত্র, নভামণ্ডল ও ভূমণ্ডলের স্রস্টা, মালিক ও পালনকর্তা তিনি। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৪৯) আর এই যে, তিনি লুব্ধক নক্ষত্রের প্রতিপালক।[1]

[1]((লুব্ধক বা সিরিয়াস নক্ষত্র।) রব্ব তথা প্রতিপালক তো তিনিই সকল বস্তুর। এখানে এই তারার নাম এই জন্য উল্লেখ করেছেন যে, আরবের কোন কোন গোত্র তার পূজা করত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4833

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন